সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/ ৮৫

তারিখঃ ১৭ এপ্রিল ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ স্থল বন্দরের মাধ্যমে সুতা আমদানি বন্ধের নিমিত্তে জারীকৃত এস.আর.ও এর প্রায়োগিক ব্যাখ্যা প্রসঙ্গে।**

**সূত্র ঃ** জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৫৫.৩৭.০০১.২০(অংশ-৩)/৬৭ তারিখঃ ১৬০৩/০৪/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৩/৪/২০২৫ইং তারিখে জাতীয় রাজস্ব বোর্ড এস.আর.ও. নং ১০৬-আইন/২০২৫/০৭/কাস্টমস যোগে স্থল বন্দরের মাধ্যমে সুতা আমদানি নিষিদ্ধ করে। হঠাৎ করে এই আদেশ জারী করায় রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়া এবং কাঁচামাল আমদানিতে বাঁধাগ্রস্ত হয়ে উৎপাদন কার্যক্রম তথা রপ্তানি বন্ধ হওয়ার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড ও বাণিজ্য মন্ত্রণালয়'কে অবহিত করে, ১৩/৪/২০২৫ এর পূর্বে যে সকল ব্যাক-টু-ব্যাক এলসি ভারত হতে সুতা আমদানির জন্য খোলা হয়েছে সে সকল সুতার আমদানি চালানগুলো দ্রুত খালাস করার নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা জারীর জন্য বিজিএমইএ অনুরোধ করে।

জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত স্মারকের মাধ্যমে এইরূপ আদেশ জারী করেছে যে, " যে সকল আমদানিকারক ১৩/৪/২০২৫খ্রি. বা তার পূর্বে সুতা আমদানির ঋণপত্র স্থাপন করিয়াছেন বা উক্ত তারিখের পূর্বে সুতা আমদানির ঋণপত্র সংশোধন করিয়াছেন সেই সকল ঋণপত্রের পণ্যচালান উক্ত এস.আর.ও. এর আওতায় পড়িবে না।"

প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের এ সংক্রান্ত স্মারকটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

১৭/৪/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
· বাংলাদেশে তৈরি ·

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: [illegible] | E-mail: info@bgmeactg.org

1. 2025\CIRCULAR-2025.doc
CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা
[কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি শাখা]
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০৫৫.৩৭.০০১.২০(অংশ-৩)/ ৬৭ তারিখ: ১৬-০৪-২০২৫ খ্রি.

**বিষয়: এস. আর. ও. নং ১০৬/আইন/২০২৫/০৭/কাস্টমস, তারিখ: ১৩/০৪/২০২৫ খ্রি. এর প্রায়োগিক ব্যাখ্যা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, এস. আর. ও. নং ১০৬/আইন/২০২৫/০৭/কাস্টমস, তারিখ: ১৩/০৪/২০২৫ খ্রি. কার্যকর করার ক্ষেত্রে মাঠ পর্যায়ে অস্পষ্টতা দূর করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এর ক্ষমতাবলে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করিল:

" যে সকল আমদানিকারক ১৩/০৪/২০২৫খ্রি. বা তার পূর্বে সুতা আমদানির ঋণপত্র স্থাপন করিয়াছেন বা উক্ত তারিখের পূর্বে সুতা আমদানির ঋণপত্র সংশোধন করিয়াছেন সেই সকল ঋণপত্রের পণ্যচালান উক্ত এস.আর.ও. এর আওতায় পড়িবে না।"

১৬/০৪/২৫

(মো: সেলিম রেজা)
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)
ফোন:+৮৮০২ ২২২২১৭৮৫৩
ই-মেইল: cus.ita.nbr@gmail.com

বিতরণঃ

১-৫। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মোংলা/আইসিডি, কমলাপুর/বেনাপোল।
৬-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা/ঢাকা (দক্ষিণ),ঢাকা/ঢাকা (পূর্ব), ঢাকা /ঢাকা (পশ্চিম), ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/ রংপুর/যশোর/সিলেট/কুমিল্লা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ওতদন্ত অধিদপ্তর, ঢাকা।
২। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৩। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৪। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। পিএ টু সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

CamScanner